# উপজেলা পরিষদ কার্যালয়
# উখিয়া, কক্সবাজার।

## উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কামরুন্নেছা বেবি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যন এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ১১/০৫/২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|
| সমাজসেবা অধিদপ্তরের চলমান কার্যক্রম সম্পর্কিত আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার, উখিয়া, সভায় বলেন,<br>১। সামাজিক নিরাপত্তা:<br>(ক) ২০২১-২০২২ অর্থ বছর হতে সকল ভাতাভোগীদের ভাতা পাওয়ার আবেদন প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ভাতাভোগীদের নতুন বরাদ্দ পাওয়া গেছে। বয়স্ক ভাতার আবেদন কারীদের সংখ্যা ১৬৫৭ জন এবং বরাদ্দকৃত বয়স্ক ভাতার সংখ্যা ১৬৫৭ জন, বিধবা ভাতার আবেদন কারীর সংখ্যা ৩৬৪১ জন এবং বিধবা ভাতার বরাদ্দকৃত সংখ্যা ২৮১২ জন, প্রতিবন্ধী ভাতার জন্য ১৪০ জনের বরাদ্দ পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরের ভাতাভোগীদের ৪র্থ কিস্তির পে-রোল পাঠানো হয়েছে। প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।<br>(খ) অত্র উপজেলায় ক্যান্সার, কিডনি, লিভার সিরোসি, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগী, থ্যালাসেমিয়া রোগীদের ২০২১-২০২২ অর্থবছরে প্রাপ্ত ২৩ টি চেক উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। নতুন আবেদন গ্রহণ প্রক্রিয়া চলমান রয়েছে।<br>২। দারিদ্র বিমোচনঃ-<br>ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক। বর্তমানে ঋণ আদায় কার্যক্রম চলমান এবং আদায়ের হার সন্তোষজনক।<br>৩। সেবা ও কমিউনিটি ক্ষমতায়নঃ-<br>উপজেলা রোগী কল্যাণ সমিতি হতে ১,২১,৮০০/- টাকা উখিয়া উপজেলার ০৫টি ইউনিয়নের ৩৭ জন অসহায় রোগীদের মধ্যে ঔষধ সহায়তা বাবদ বিতরণ করা হয়েছে। প্রতি শনি থেকে বৃহস্পতিবার হাসপাতালে সমাজসেবা কার্যক্রম চলমান।<br>৪। শিশু বিষয়কঃ-<br>২৩/০৩/২০২২ ইং তারিখে উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সভা উপজেলা পরিষদ মিলনায়তন এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিশুদের নিয়ে কাজ করে এমন এনজিওদের উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সাথে সমন্বয় সাধন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এম.এস.এফ হাসপাতালে থাকা ০৪টি শিশুদের মধ্যে ২টি শিশুর অভিভাকত্ব প্রদানের মাধ্যমে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। প্রতিবন্ধী বিষয়কঃ- | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। |

CamScanner

| | | |
|---|---|---|
| | প্রতিবন্ধী ব্যাক্তি সনাক্তকরণ জরীপ কার্যক্রম চলমান আছে। প্রতি সোমবার এই কার্যক্রম পরিচালনা করা হয়। উখিয়া উপজেলার সকল ইউনিয়নের প্রতিবন্ধী ভাতাভোগী যাদের সূবর্ণ নাগরিক কার্ড নাই তাদেরকে প্রতিবন্ধী ব্যাক্তি সনাক্তকরণ জরীপের আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬। সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশনঃ-<br>সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশন এর ব্যাপারে সচেতনতা বাড়ানো জন্য নিয়মিত কার্যক্রম চলমান আছে। ১৮/০২/২০২২ইং তারিখে উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মানব পাচার প্রতিরোধ কঠোর হস্তে দমনের জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭। বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতাঃ-<br>মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী ব্যাবস্থাপক, সোনালী ব্যাংক, উখিয়াকে দায়িত্ব হস্তান্তর করার নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রয়োজনীয় নথি সহ প্রেরণ করা হয়। ১৭/০৪/২০২২ইং তারিখে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়। আবাসনের জন্য আবেদনকারী থেকে যাচাই বাছাই করে ৬ জনের আবেদন ও তালিকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট প্রেরণ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(কামরুন্নেছা বেবি)
সভাপতি
উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
৩। অফিস নথি।

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

## উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সভার উপস্থিতি'র হাজিরা

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ তারিখ : ১১/০৫/২০২২ খ্রি.

| নাম | পদবী | প্রতিষ্ঠান ও ঠিকানা | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| কামরুন্নেছা বেবি | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | সভাপতি | |
| ছৈয়দ আলম | চেয়ারম্যান | জালিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| নূরুল হুদা | চেয়ারম্যান | রত্নাপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| মো: আল মামুন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার | সদস্য | ১১/০৫/২২ |
| আল মাহমুদ হোসেন | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্যালয়, উখিয়া, কক্সবাজার | সদস্যসচিব | |

CamScanner